



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

(ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৬১

তারিখ: ২৭ মাঘ ১৪৩১
১০ ফেব্রুয়ারী ২০২৫

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট অনুশীলন কার্যক্রমে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ করের ক্ষেত্রে বিদ্যমান আইনে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিবর্তন সম্পর্কিত প্রস্তাব/মতামত প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: পত্র নং- এফবিসিসিআই/টিএফ/আয়কর আইন/২০২৫/১১৪৫, তারিখ: ০৬/০২/২০২৫ (সংযুক্ত)


মহোদয়,

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড থেকে আগামী ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট অনুশীলন কার্যক্রমে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ করের ক্ষেত্রে বিদ্যমান আইনে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিবর্তন সম্পর্কে (ক) আয়কর আইন ২০২৩, (খ) উৎসে কর বিধিমালা ২০২৪ ও অন্যান্য বিধিমালা, (গ) ভ্রমণ কর আইন ২০০৩ এবং (ঘ) দান কর আইন ১৯৯০ বিষয়ে প্রস্তাব/মতামত নিম্নোক্ত ছক মোতাবেক বায়রা অফিসে ই-মেইলে (baira1984@gmail.com) সফট কপিসহ যথাশীঘ্র সম্ভব প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো:


নম্বর	প্রস্তাবকারী	প্রস্তাবের বিষয়	সংশ্লিষ্ট ধারা	বিদ্যমান বিধান	প্রস্তাবিত বিধান	প্রস্তাবের পক্ষে যুক্তি	রাজস্বের উপর সম্ভাব্য প্রভাব	মন্তব্য
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.	৮.	৯.

সংযুক্তি: ১ পাতা, বর্ণনামতে।


(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপিঃ

- ১। সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।
- ২। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.baira.org.bd)।
- ৩। অফিস কপি।



FBCCI
THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

20804

THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY


৬ ফেব্রুয়ারি, ২০২৫

এফবিসিসিআই/টিএফ/আয়কর আইন/২০২৫/১১৪৫

সভাপতি/চেয়ারম্যান

সকল সদস্য সংস্থা

এফবিসিসিআই।

বায়রা সচিবালয়, ঢাকা	
সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/.....	সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.....	 অতীব জরুরী
রিসেপশনিষ্ট	
ডকেট/ডায়েরী নং	
তারিখ ও সময়	10/2/25

বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট অনুশীলন কার্যক্রমে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ করের ক্ষেত্রে বিদ্যমান আইনে প্রয়োজনীয় সংশোধন/সংশোধন/পরিবর্তন সম্পর্কিত প্রস্তাব/মতামত প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, রাজস্ব আহরণের অভ্যন্তরীণ উৎস হিসেবে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ কর জাতীয় অর্থনীতিতে বিশেষ ভূমিকা রাখছে। প্রত্যক্ষ কর ব্যবস্থাকে আরও যুগোপযোগী, ব্যবসা-বান্ধব, কর-বান্ধব এবং অংশীদারীত্বমূলক করার লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট প্রণয়নের কাজ ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে শুরু করা হয়েছে।


এফবিসিসিআই সহ বিভিন্ন চেম্বার ও এসোসিয়েশনের সুচিন্তিত মতামতকে রাজস্ব আহরণ কার্যক্রমে জাতীয় রাজস্ব বোর্ড অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে থাকে। এ কারণে জাতীয় রাজস্ব বোর্ড থেকে আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুশীলন কার্যক্রমে আয়করসহ অন্যান্য প্রত্যক্ষ করের ক্ষেত্রে বিদ্যমান আইনে প্রয়োজনীয় সংশোধন/সংশোধন/পরিবর্তন সম্পর্কে এফবিসিসিআই-এর নিকট নিম্নলিখিত আইন ও বিধি বিধানের উপর প্রস্তাবনা চেয়ে পত্র প্রেরণ করেছে।

এই প্রেক্ষিতে (ক) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), (খ) উৎসে কর বিধিমালা, ২০২৪ ও অন্যান্য বিধিমালা, (গ) ভ্রমণ কর আইন, ২০০৩ এবং (ঘ) দান কর আইন, ১৯৯০ বিষয়ে নিম্নবর্ণিত ছক মোতাবেক আপনার চেম্বার/ এসোসিয়েশনের মতামত/প্রস্তাবনা এফবিসিসিআই-এর নিকট আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ইমেইল (secretariat@fbcci.org & parvez.fbcci@gmail.com) এবং হার্ডকপি প্রেরণ করার জন্য সবিশেষ অনুরোধ করা হলো।

নম্বর	প্রস্তাবকারী	প্রস্তাবের বিষয়	সংশ্লিষ্ট ধারা	বিদ্যমান বিধান	প্রস্তাবিত বিধান	প্রস্তাবের পক্ষে যুক্তি	রাজস্বের উপর সম্ভাব্য প্রভাব	মন্তব্য
১.	২.	৩.	৪.	৫.	৬.	৭.	৮.	৯.

নির্ধারিত সময়ের মধ্যে চেম্বার/এসোসিয়েশনের সুচিন্তিত মতামত/প্রস্তাবনা/সুপারিশমালা বাজেট প্রস্তাব প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

ধন্যবাদান্তে,


 মোঃ আলমগীর
 মহাসচিব

অনুলিপিঃ

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, এফবিসিসিআই।